

Subject : Sanskrit, Semester : 1st & 3rd

Course : GENERIC ELECTIVE (GE-1) Course -1

GENERIC ELECTIVE (GE-2) Course -1

Paper : SANS-H-GE-T-1

- "নারিকেলফল সম্মিতং বচো ভারবে: " - Justify the remark with apt illustrations.

""নারিকেলফল সম্মিতং বচো ভারবে:""- উদাহরণ সহ উক্তিটির যথাযথ মূল্যায়ন কর।

সংস্কৃত সাহিত্যে কালিদাসের পরবর্তী যুগের যে কয়জন মহাকবি নিজেদের কবিখ্যাতি চির ভাস্ম করে রেখে গেছেন তাঁদের মধ্যে মহাকবি ভারবি কেবল অন্যতম নন, শ্রেষ্ঠত্বের দাবীও তিনি করতে পারেন।

কেবলমাত্র একখানি মহাকাব্য 'কিরাতাঞ্জুনীয়ম'- রচনা করেই তিনি যথেষ্ট খ্যাতি অর্জন করেছিলেন, মহাকবি কালিদাসের খ্যাতির সঙ্গে একমাত্র মহাকবি ভারবিরই তুলনা করা যেতে পারে, তাইতো আইহোল শিলালিপিতে দুজন মহাকবির নাম একত্রে ক্ষেত্রিক হয়েছে - “স বিজয়তাঃ- রবিকীর্তিৎঃ কবিতাণ্ডিতঃ কালিদাস ভারবি কীর্তিঃ।” ভারবিকে বলা হয় অর্থগৌরবের কবি- ‘ভারবেরর্থ গৌরবম্’। অর্থগৌরব বলতে যে বাক্যগুলি প্রবাদে পরিণত হয়েছে। যেমন- “হিতং' মনোহারি চ দুর্লভা. বচঃ।” অর্থাৎ মনোহর এবং হিতকারী বাক্য জগতে দুর্লভ। “আহো ! দুরন্তা বলবদ্ধ বিরোধীতা।” অর্থাৎ নিজের চেয়ে বলবান ব্যক্তির সঙ্গে বিরোধের পরিণাম হয় ভয়ঙ্কর ইত্যাদি। ভারবির কাব্যের আরো বিশেষ বৈশিষ্ট্য হল-সংক্ষিপ্ত এবং অর্থবহু শব্দচয়ন।

বীর রস প্রধান এই মহাকাব্যে মহাকবি ভারবি ওজোণ্ণ এবং গৌড়ী রীতি কে অনুসরণ করেছেন, সেজন্য ভারবি রচিত শ্লোক সমূহের বহির্ভাগ অত্যন্ত রূক্ষ, কর্কশ এবং নীরস, কিন্তু অন্তর্ভাগ নিতান্তই পেলব ও সরস। ভারবির রচিত শ্লোকসমূহের অন্তর্নিহিত অর্থ হয় সুমধুর।

সে কারণে প্রখ্যাত টীকাকার মল্লিনাথ মহাকবি ভারবির কাব্য সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বলেছেন- “নারিকেল ফল সম্মিতং বচো ভারবেঃ” অর্থাৎ মহাকবি ভারবির রচনাকে নারকেল ফলের সঙ্গে তুলনা করা হয়েছে। নারকেল ফলের বাইরের আবরণ যেমন অত্যন্ত কঠিন, শুক্র ও কর্কশ। মহাকবি ভারবির বাক্যেরও বহির্ভাগ অনুরূপ কর্কশ ও নীরস। আবার, কঠিন নারকেল ভাঙলে যেমন তার ভেতরে রসাল, নরম ও সুস্বাদু শাঁস পাওয়া যায়, তেমনি ভারবি রচিত কিরা-তাঞ্জুনীয়ম মহাকাব্যের শ্লোকের যথাযথ অর্থ যদি অনুধাবন করতে পারা যায়, তার মধ্যে থেকেও মধুর ও সরস অর্থ লাভ করা যায়। তার জন্য বাক্যের যথাযথ অন্তর্ভুক্ত, সান্ধি সমাস বিশেষণ, প্রত্যয় নির্ণয় করতে হবে। তাই পাঠক মাত্রাই কিরাতাঞ্জুনীয়ম কাব্যপাঠের উপযুক্ত নাও হতেপারেন, কেবলমাত্র রসজ্ঞ পাঠকেরাই এই কাব্যের রসাস্বাদনের অধিকারী।